

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা  
[www.doict.gov.bd](http://www.doict.gov.bd)

নম্বর- ৫৬.০৪.০০০০.০০৮.১১.০১১.১৭-২২৯৪

তারিখ: ২৩ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ  
০৮ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ


**নিয়োগ বিজ্ঞপ্তি**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর তৃতীয় শ্রেণির নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের জন্য পদের পার্শ্বে উল্লিখিত বেতনস্কেল ও নিয়মানুযায়ী প্রাপ্য অন্যান্য ভাতায় বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	কম্পিউটার অপারেটর	১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)	০৯ টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি। বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার। দুই বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিভাগীয় ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটরদের ক্ষেত্রে শিথিলযোগ্য। (খ) অবশ্যই অপারেটরদের বুদ্ধিমত্তা পরীক্ষায় (Operators aptitude test) উত্তীর্ণ হতে হবে।
২।	ব্যক্তিগত সহকারী	১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)	০১ টি	কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কম্পিউটার কাজে দক্ষতা। (ক) বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ। (খ) ইংরেজীঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ।
৩।	ক্যাটালগার	১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)	০১ টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে ডিপ্লোমাসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;  অথবা কোন বিশ্ববিদ্যালয় হতে তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি;  (খ) কম্পিউটার চালনার দক্ষতা থাকতে হবে।
৪।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	০১ টি	উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। (ক) বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। (খ) ইংরেজীঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।
৫।	ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর	৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	৪৮৮ টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার।  (খ) অবশ্যই ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটরদের জন্য নির্ধারিত প্রমিত বুদ্ধিমত্তা পরীক্ষায় (standard aptitude test) উত্তীর্ণ হতে হবে।

আবেদনের শর্ত ও নিয়মাবলীঃ

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
২. আবেদনকারীকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ওয়েব সাইট ([www.doict.gov.bd](http://www.doict.gov.bd)) হতে নির্ধারিত ফর্ম ডাউনলোড করে হবহ অনুসরণপূর্বক শূণ্যস্থানসমূহ কম্পিউটারে ইউনিকোডে কম্পোজ করে স্বাক্ষরসহ আবেদনপত্রটি স্ক্যান করে প্রিন্ট দিয়ে ডাকযোগ বা হাতে হাতে প্রেরণ করতে হবে এবং ইউনিকোডে পূরণকৃত আবেদনপত্রের সফটকপিটি [ddadmin@doict.gov.bd](mailto:ddadmin@doict.gov.bd) ইমেইলে প্রেরণ করতে হবে। নিয়োগ বিজ্ঞপ্তি এবং এতদসংক্রান্ত সময়ে সময়ে গৃহীত সকল তথ্য [www.doict.gov.bd](http://www.doict.gov.bd) ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
৩. ১২/১০/২০১৭ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণে এসএসসি বা সমমানের সনদ বিবেচনা করা হবে। এফিডেভিট গ্রহণযোগ্য নয়। মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য প্রার্থীর বয়স ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে (এক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর সর্বশেষ পরিপত্র/অফিস আদেশ অনুসরণীয়)।
৪. আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি (ছবির পেছনে নামসহ) সংযুক্ত করতে হবে।
৫. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭ এর অনুকূলে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/ পোস্টাল অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৬. প্রবেশ পত্র প্রেরণের জন্য প্রার্থীদের নাম ও যোগাযোগের ঠিকানা উল্লেখ পূর্বক ১৫/- (পনের) টাকার ডাক টিকেটযুক্ত ৪x৯.৫ ইঞ্চি সাইজের ২টি ফেরত খাম সংযুক্ত করতে হবে। খামের উপর পদের এবং নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।
৭. প্রার্থীর ছবি, পরীক্ষার ফি বাবদ ব্যাংক ড্রাফট/ পোস্টাল অর্ডারের কপি এবং ফেরত খামসহ সকল সনদের সত্যায়িত অনুলিপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। মৌখিক পরীক্ষার সময় আবেদনে উল্লিখিত সকল তথ্য প্রমাণের জন্য সনদ বা প্রমাণ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিল থাকতে হবে।
৮. আবেদনপত্র আগামী ১২/১১/২০১৭ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার (১১ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭ এই ঠিকানায় সরাসরি অথবা ডাকযোগে পৌছাতে হবে। খামের উপর পদের নাম, নিজ জেলা উল্লেখ করতে হবে।
৯. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
১০. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরীতে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তীতে যেকোন সময় প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১১. মুক্তিযোদ্ধা কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
১২. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে পৌছাতে হবে।
১৩. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৪. আবেদনপত্র গ্রহণ, বাতিল এবং নিয়োগ বাতিলসহ সকল ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদ সংখ্যা হ্রাস বৃদ্ধি হতে পারে।
১৫. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি বিধান প্রযোজ্য হবে।
১৬. লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে কেবলমাত্র মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।



মোস্তাইন বিল্লাহ  
(উপসচিব)

উপ-পরিচালক (প্রশাসন)

[ddadmin@doict.gov.bd](mailto:ddadmin@doict.gov.bd)